

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৭৭

ধর্মনগর, ২২ নভেম্বর, ২০২৩

৭০তম অখিল ভারত সমবায় সপ্তাহ  
উত্তর ত্রিপুরা জেলায় আলোচনাচক্র

৭০তম অখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে গত ২০ নভেম্বর উত্তর ত্রিপুরা জেলায় এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। ধর্মনগরের বিবেকানন্দ সার্থশতবার্ষিকী ভবনে আয়োজিত এই আলোচনাচক্রের উদ্বোধন করেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। আলোচনাচক্রের উদ্বোধন করে বিধানসভার অধ্যক্ষ শ্রীসেন বলেন, গ্রামীণ অর্থনীতির বিকাশে সমবায়ের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের অর্থনীতিতে অনেক উন্নতি হয়েছে। আলোচনাচক্রে সভাপতিত্ব করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। তাছাড়াও বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা দেবপ্রিয় বর্ধন, ত্রিপুরা রাজ্য সমবায় ব্যাংক লিমিটেডের বোর্ড অব ডিরেক্টরস মলিনা দেবনাথ প্রমুখ। আলোচনাচক্রের মূল বিষয় ছিল ‘সমবায়ের ডিজিটাইজেশনের জন্য প্রযুক্তির অন্তর্ভুক্তি ও উন্নতিকরণ’। উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার। স্বাগত বক্তব্য রাখেন উত্তর ত্রিপুরা জেলার সমবায় দপ্তরের উপনিয়ামক অনিল দেববর্মা।

\*\*\*\*\*